গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
গুরুদয়াল সরকারি কলেজ
কিশোরগঞ্জ

তারিখঃ ২০/০৬/২০২২ খ্রি.

২০২১-২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির প্রকাশিত ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি বিজ্ঞপ্তি

গুরুদয়াল সরকারি কলেজ, কিশোরগঞ্জ এ ২০২১-২২ শিক্ষাবর্ষে ৪ বছর মেয়াদি প্রথম বর্ষ অনার্স কোর্সে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক ১ম মেধাতালিকায় ভর্তির জন্য মনোনীত ছাত্র-ছাত্রীদের মাসিক বেতন ও সেশনচার্জ এবং অন্যান্য পাওনাদি (সেমিনার ফিসহ) নিম্নোক্ত হারে ধার্য করা হয়েছে। মনোনীত প্রার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ওয়েব সাইট (www.nu.ac.bd/admission) থেকে ভর্তি ফরম প্রিন্ট করতে হবে। তারপর (http://www.eshiksabd.com/gdc) ওয়েব সাইটে (User Id : gdcstudent, Password: gdcstudent) প্রবেশ করে শিক্ষার্থীর প্রয়োজনীয় তথ্য ও ভর্তির প্রাথমিক আবেদনে ব্যবহৃত ছবি স্ক্যান করে কলেজের ভর্তি ফরম পূরণ করতে হবে। সঠিকভাবে ভর্তি ফরম পূরণের পর Save করলে ভর্তি ফি বাবদ নির্ধারিত টাকা প্রদর্শিত হবে। উক্ত নির্ধারিত টাকা বিকাশ অ্যাপসের মাধ্যমে পরিশোধ করতে হবে। ভর্তি ফি পরিশোধের একদিন পর শিক্ষার্থীর ভর্তি নিশ্চিত হবে এবং শিক্ষার্থীর প্রদত্ত মোবাইল নম্বরে ভর্তি নিশ্চিতের SMS যাবে।

ভর্তি ফি এর বিবরণ

ক্র. নং	বিষয়	জাতীয় বিশ্ববিদ্যালয়ের অংশ	সরকারি অংশ	কলেজের অংশ	সেমিনার ফি	মোট টাকা (মোবাইল ব্যাংকিং চার্জ ব্যতীত)	বিকাশ অ্যাপসের মাধ্যমে ভর্তির টাকা পরিশোধের তারিখ
১.	বাংলা, ইংরেজী, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, অর্থনীতি, সমাজকর্ম, রাষ্ট্রবিজ্ঞান, হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা	৪৮৫.০০	৩২৫.০০	১৮০০.০০	১৬০০.০০	৪২১০.০০	**২১/০৬/২০২২ থেকে ২৯/০৬/২০২২ তারিখ পর্যন্ত**
২.	উদ্ভিদবিদ্যা ও প্রাণিবিদ্যা	৪৮৫.০০	৩২৫.০০	১৯২০.০০	২২০০.০০	৪৯৩০.০০	
৩.	পদার্থবিদ্যা, গণিত, রসায়ন ও ভূগোল	৪৮৫.০০	৩২৫.০০	১৯৭০.০০	২২০০.০০	৪৯৮০.০০	

উল্লেখ্য, সম্মানিত বিভাগীয় প্রধান ও সংশ্লিষ্ট সকলকে জাতীয় বিশ্ববিদ্যালয় ও কলেজ কর্তৃক প্রদত্ত নির্দেশনা মোতাবেক ভর্তি কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

ভর্তি সংক্রান্ত সতর্কতাঃ

১। নির্ধারিত ভর্তি ফি পরিশোধ ব্যতীত ভর্তি নিশ্চয়ন (Confirm) হবে না।

২। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.nu.ac.bd/admission হতে ডাউনলোডকৃত ও কলেজের http://www.eshiksabd.com/gdc ওয়েবসাইট হতে ডাউনলোডকৃত ভর্তি ফরম ও ভর্তি পরিশোধ সংক্রান্ত ম্যাসেজ সংরক্ষণ করতে হবে।

৩। কলেজ ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের পূরণকৃত ফরম ডাউনলোড করে, নিম্নোক্ত কাগজপত্রাদিসহ ভর্তিকৃত বিভাগে এসে জমা দিতে হবে। অন্যথায় ভর্তি নিশ্চয়ন করা হবে না।
***ক) এসএসসি ও এইচএসসি'র মূল মার্কশীট ও ফটোকপি- ১টি**
***খ) এসএসসি ও এইচএসসি'র মূল প্রশংসাপত্র ও ফটোকপি- ১টি**
***গ) পাসপোর্ট সাইজের ছবি-২ কপি ও স্ট্যাম্প সাইজ ছবি ২ কপি**

৪। ভর্তি সংক্রান্ত যেকোনো নোটিশ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nu.ac.bd/admission / কলেজের ওয়েবসাইট www.gdc.gov.bd/কলেজের পেইজবুক পেইজ https://www.facebook.com/gurudayalgovtcollege1943 এ পাওয়া যাবে।

৫। ভর্তি ফরমে উল্লিখিত টাকা বিকাশ অ্যাপসের মাধ্যমে নিম্নোক্ত পদ্ধতিতে পরিশোধ করতে হবে।
ভর্তি ফরমে উল্লিখিত টাকা বিকাশ অ্যাপসের মাধ্যমে পরিশোধ করতে হবে।
**ফি পরিশোধ প্রক্রিয়া নিম্নরূপ:
বিকাশ অ্যাপসে লগ ইন করে অ্যাপসে প্রবেশ করুন ⇒ আরো / More সিলেক্ট করুন ⇒ Education Fee সিলেক্ট করুন ⇒ প্রতিষ্ঠানের নাম দিন (যেমন: Gurudayal Government College) ⇒ স্টুডেন্ট আইডি দিন (জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রাথমিক আবেদনের Admission Roll) পরবর্তী ধাপসমূহ যথাযথ সম্পন্ন করুন।

৬। ভর্তি ফরমে কোনো তথ্য প্রদান না করলে বা কোনো ভুল তথ্য প্রদান করলে সংশ্লিষ্ট শিক্ষার্থীর ভর্তি বাতিল বলে গণ্য হবে।

৭। নির্ধারিত তারিখের মধ্যে ভর্তি হতে ব্যর্থ হলে তার ভর্তি মনোনয়ন বাতিল বলে গণ্য হবে।

প্রতিস্বাক্ষর

(প্রফেসর মোঃ জামালুর রহমান)
আইডি নং ০০০০৪১০২
অধ্যক্ষ
গুরুদয়াল সরকারি কলেজ
কিশোরগঞ্জ

২০/০৬/২০২২

(প্রফেসর আবুল কালাম মোঃ সালাহ উদ্দীন ভূঞা)
আহ্বায়ক
১ম বর্ষ অনার্স ভর্তি কমিটি: ২০২১-২০২২
ও
বিভাগীয় প্রধান, উদ্ভিদবিদ্যা বিভাগ
গুরুদয়াল সরকারি কলেজ, কিশোরগঞ্জ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
গুরুদয়াল সরকারি কলেজ
কিশোরগঞ্জ

তারিখঃ ২০/০৬/২০২২ খ্রি.

২০২১-২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির প্রকাশিত ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি ফরম পূরণ প্রক্রিয়া

২০২১-২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ১ম মেধাতালিকায় স্থানপ্রাপ্ত ছাত্র-ছাত্রীদের জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ওয়েব সাইট (www.nu.ac.bd/admission) থেকে ভর্তি ফরম প্রিন্ট করার পর গুরুদয়াল সরকারি কলেজের ভর্তি সংক্রান্ত (http://www.eshiksabd.com/gdc) ওয়েব সাইটে নিম্নোক্ত প্রক্রিয়ায় আবেদন ফরম পূরণ করতে হবে।

ধাপ ১ : www.nu.ac.bd/admission থেকে ভর্তি ফরম পূরণপূর্বক ডাউনলোড করে কলেজে জমা দিতে হবে।

ধাপ ২ : http://www.eshiksabd.com/gdc ওয়েব সাইটে (User Id: gdcstudent, Password: gdcstudent) দিয়ে লগইন করতে হবে।

ধাপ ৩ : Admission এ সিলেক্ট করতে হবে।

ধাপ ৪ : Click for New Admission এ সিলেক্ট করতে হবে।

ধাপ ৫ : Select Department (যে বিভাগে স্থানপ্রাপ্ত) ⇒ Enter NU Roll (জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রাথমিক আবেদনের Admission Roll) ইনপুট করে Check for Admission ক্লিক করলে একটি ভর্তি ফরম প্রদর্শিত হবে।

ধাপ ৬ : ভর্তি ফরমে চাহিত সকল তথ্য সঠিকভাবে সরবরাহ করতে হবে এবং প্রাথমিক আবেদন ফরমে যে ছবি ব্যবহার করা হয়েছে একই ছবি আপলোড করতে হবে (ছবির সাইজ হবে সর্বোচ্চ 999kb)। শিক্ষার্থীরা শুধু SSC ও HSC এর তথ্য সরবরাহ করবে।

ধাপ ৭ : সঠিকভাবে তথ্য সরবরাহের পর Save এ ক্লিক করলে পূরণকৃত ভর্তি ফরমে ভর্তি ফিসহ সকল তথ্য দেখতে পাবে। ভর্তি ফরমটি ডাউনলোড করে প্রয়োজনীয় কাগজপত্রসহ সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।

ধাপ ৮ : ভর্তি ফরমে উল্লিখিত টাকা **বিকাশ অ্যাপসের** মাধ্যমে পরিশোধ করতে হবে।

****ফি পরিশোধ প্রক্রিয়া নিম্নরূপ:**

বিকাশ অ্যাপসে লগ ইন করে অ্যাপসে প্রবেশ করুন ⇒ আরো / More সিলেক্ট করুন ⇒ Education Fee সিলেক্ট করুন ⇒ প্রতিষ্ঠানের নাম দিন (যেমন: Gurudayal Government College) ⇒ স্টুডেন্ট আইডি দিন (জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রাথমিক আবেদনের Admission Roll) পরবর্তী ধাপসমূহ যথাযথ সম্পন্ন করুন।

প্রতিস্বাক্ষর

(প্রফেসর মোঃ জামালুর রহমান)
আইডি নং ০০০০৪১০২
অধ্যক্ষ
গুরুদয়াল সরকারি কলেজ
কিশোরগঞ্জ

20/06/2022

(প্রফেসর আবুল কালাম মোঃ সালাহ উদ্দীন ভূঞা)
আহ্বায়ক
১ম বর্ষ অনার্স ভর্তি কমিটি: ২০২১-২০২২
ও
বিভাগীয় প্রধান, উদ্ভিদবিদ্যা বিভাগ
গুরুদয়াল সরকারি কলেজ, কিশোরগঞ্জ